

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালক এর কার্যালয়
সংগ্রহ শাখা
বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

নং-৫৪.০১.০০০০.০১৩.২২.০১৫.২২- ১৮৫


তারিখঃ ২৬.০৫.২০২৩

বিষয়ঃ বাংলাদেশ রেলওয়ের পরিচালন বাজেটের আওতায় সম্পাদিত চুক্তিসমূহ (পণ্য, কার্য ও সেবা) যথাসময়ে সমাপ্তকরণের লক্ষ্যে চুক্তির মেয়াদ বৃদ্ধি নিবন্ধসাহিত্যকরণ প্রসঙ্গে।

বাংলাদেশ রেলওয়ের পরিচালন বাজেটের আওতায় অধীনস্থ বিভিন্ন ক্রয়কারী কর্তৃক সম্পাদিত চুক্তিসমূহের ক্ষেত্রে প্রায়শই দুই বা ততোধিকবার ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদবৃদ্ধির প্রস্তাব করা হচ্ছে। পরিচালন বাজেটের আওতায় আহবানকৃত দরপত্র/প্রস্তাবসমূহ সাধারণত স্বল্প/মধ্যম ব্যয়ের হয়ে থাকে। এধরনের কাজ যথাসময়ে শেষ না হওয়ায় মূল্যবান শ্রমঘন্টা অপচয়ের পাশাপাশি যথাযথ জরাজীর্ণতার সাথে রেলওয়ের সেবার মান বজায় রাখা কঠিন হয়ে পড়ছে। পিপিআর-২০০৮ মোতাবেক পণ্য, কার্য এবং সেবা চুক্তির মেয়াদবৃদ্ধি বিষয়ে উপ-বিধি- ৩৯(৩), ৪০(৩ক) এবং ৪১(২)-তে সুস্পষ্টভাবে বর্ণিত রয়েছে। কিন্তু কত বার সময়সীমা বর্ধিত করা যাবে, সে বিষয়ে কোন উল্লেখ নাই। এক্ষেত্রে যথাযথ সময়ে কার্য/সরবরাহ/সেবা গ্রহণ কার্যক্রম সমাপ্ত করা এবং সরকারি শ্রমঘন্টা অপচয় রোধে নিয়ন্ত্রণ নির্দেশনা প্রদান করা হলোঃ

- পিপিআর-২০০৮ উপ-বিধি-৩৯(৩), ৪০(৩ক) এবং ৪১(২) এর আলোকে অতীব প্রয়োজনীয় বা আবশ্যিক কিংবা জনগুরুত্বপূর্ণ বিবেচিত না হলে ২ (দুই) বারের অধিক পণ্য, কার্য এবং সেবা চুক্তির মেয়াদবৃদ্ধি করা হবে না;
- সম্পাদিত চুক্তিসমূহের কাজ (পণ্য, কার্য ও সেবা) নির্ধারিত সময়ে সমাপ্ত করার নিমিত্ত সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান কর্তৃক বাস্তবায়ন কাজের তদারকি জোরদার করতে হবে;
- চুক্তিবদ্ধ কাজ নির্ধারিত সময়ে শেষ করতে না পারার সুনির্দিষ্ট ও যৌক্তিক কারণ না থাকলে নির্ধারিত হারে ক্ষতিপূরণসহ (Liquidated Damage) চুক্তির মেয়াদ বৃদ্ধির প্রস্তাব করতে হবে এবং
- মহাব্যবস্থাপকগণ স্ব-স্ব অধিক্ষেত্রে পরিচালন বাজেটের আওতায় সম্পাদিত চুক্তিসমূহের বাস্তবায়ন অগ্রগতি ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ করবেন।

উপর্যুক্ত নির্দেশনাসমূহ পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।


(মোঃ কামরুল আহসান) ২০২৩
মহাপরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতি. মহাপরিচালক (আই/আরএস/উন্নয়ন/এমএন্ডসিপি/অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ২। মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও রাজশাহী।
- ৩। রেক্টর/আরটিএ, বাংলাদেশ রেলওয়ে, হালিশহর, চট্টগ্রাম।
- ৪। প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক, বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী, চট্টগ্রাম।
- ৫। প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। (বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটে স্থায়ীভাবে সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১। সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

সি.এস.টি.ই (টেলিকম) এর দপ্তর	
সি.এস.টি.ই (টেলিকম) এর প্রধান	
সি.এস.টি.ই (টেলিকম) এর সহকারী	
সি.এস.টি.ই (টেলিকম) এর সহকারী	
সি.এস.টি.ই (টেলিকম) এর সহকারী	
সি.এস.টি.ই (টেলিকম) এর সহকারী	
সি.এস.টি.ই (টেলিকম) এর সহকারী	